দৈনিক বাংলা 33

094

তারিখ ৩/১২/৮১

পৃষ্ঠা

## প্রাথমিক শিক্ষকদের প্রতি প্রেসিডেন্ট

# নিষ্ঠার সঙ্গে শিক্ষকের দায়িত্ব পালন করুন

প্রেসিডেন্ট আবদুস সাত্তার দেশের প্রাথমিক শিক্ষকদের নিষ্ঠা ও একাগ্রতার সঙ্গে দায়িত্ব পালন করে যাওয়ার আহবান জানান এবং বলেন তাদের এই সেবা মূলতঃ মানব জাতিরই সেবা।

বুধবার বঙ্গভবনে প্রাথমিক শিক্ষকদের একটি প্রতিনিধিদল তাঁর সঙ্গে সাক্ষাত করতে এলে তাঁদের প্রতি এই আহবান জানান বলে বাসস-এর খবরে উল্লেখ করা হয়। গত ১৫ই নবেম্বরে প্রেসিডেন্ট নির্বাচনে তাঁর বিপুল বিজয়ের জন্যে প্রাথমিক শিক্ষক প্রতিনিধিদল তাঁকে অভিনন্দন জানাতে এসেছিলেন।

প্রেসিডেন্ট সাত্তার তাঁদের স্মরণ করিয়ে দেন যে সমগ্র জাতিকে শিক্ষিত করে তোলার গুরু দায়িত্ব তারা কাঁধে নিয়েছেন এবং এই কারণেই জাতিগঠন তৎপরতায় তাঁদের এক সুনির্দিষ্ট ভূমিকা রয়েছে।

প্রেসিডেন্ট বলেন, প্রাথমিক শিক্ষাই আমাদের শিক্ষা ব্যবস্থার ভিত্তি এবং প্রাথমিক শিক্ষকদের সর্বাত্মক প্রচেষ্টা চালাতে হবে শিক্ষা ব্যবস্থার এই ভিত্তি প্লাটফর্মকে শক্তিশালী করে তোলার জন্যে যাতে দেশ ও জাতিকে সঠিক নেতৃত্ব দেয়ার মতো প্রতিভা এই ভিত্তি প্লাটফর্মকে থেকে জন্ম নিতে পারে।

প্রাথমিক শিক্ষক প্রতিনিধি দলের নেতা শাহজাদা মোহাম্মদ নূরুল আলম প্রাথমিক শিক্ষাকে বাইরের হস্তক্ষেপ ও দুর্নীতিমুক্ত রাখার সংকল্প ব্যক্ত করেন।

প্রাথমিক শিক্ষক প্রতিনিধিদলের সদস্যবর্গও প্রাথমিক শিক্ষাকে এক আদর্শ ও সেবামূলক শিক্ষা ব্যবস্থা রূপে গড়ে তোলার সংকল্প ব্যক্ত করেন। শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আব -দুল বাতেন এই সময় উপস্থিত ছিলেন।